## 2nd India-Netherlands Cyber Dialogue

February 03, 2023

# দ্বিতীয় ভারত-নেদারল্যান্ড সাইবার সংলাপ

ফেব্রুয়ারি 03, 2023

ভারত এবং নেদারল্যান্ডের মধ্যে দ্বিতীয় সাইবার সংলাপ 03 ফেব্রুয়ারি 2023 তারিখে নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনাটিতে যুগ্ম পৌরোহিত্য করেছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের(এমইএ) যুগ্ম সচিব (সাইবার কূটনীতি দপ্তর) শ্রীমতী মুয়ানপুই সাইয়াউই এবং নেদারল্যান্ড সরকারের সুরক্ষা নীতি এবং সাইবারের জন্য স্বাধীন রাষ্ট্রদূত শ্রীমতী নাথালিয়ে জারসমা।

2. ভারতীয় প্রতিনিধি দলটি গঠিত হয়েছিল পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক, গৃহ মন্ত্রক (এমএইচএ), ইলেকট্রনিকস এবং তথ্য প্রযুক্তি মন্ত্রক (এমইআইটিওয়াই), টেলিকমিউনিকেশন দপ্তর(ডিওটি), ন্যাশনাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার প্রোটেকশন সেন্টাররের সিইআরটি(এনসিআইপিসি)-র বরিষ্ঠ আধিকারিকদের নিয়ে। নেদারল্যান্ডের প্রতিনিধি দলের মধ্যে ছিলেন সাইবার টাস্ক ফোর্স ও বিদেশ মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকগণ এবং উদ্ভাবন ও প্রতিরক্ষা সহদূত সহ নেদারল্যান্ড সাম্রাজ্যের দূতাবাসের প্রতিনিধিবর্গ।

3. বিশ্বজুড়ে সাইবারস্পেসে সাম্প্রতিক ঘটনাবলী এবং ভারত ও নেদারল্যান্ডের নিজ নিজ সাইবার এজেন্সি/দপ্তরের মধ্যে একটি ব্যাপক ও গভীরতর সাইবার সহযোগিতা গড়ে তোলার প্রেক্ষিতে দ্বিতীয় ভারত-নেদারল্যান্ড সাইবার সংলাপটি অনুষ্ঠিত হয়েছিল। এই সাইবার সংলাপটি উভয় দেশকে সাইবারস্পেসে সমসাময়িক গুরত্বপূর্ণ বিষয়গুলি, সেইসাথে পারস্পরিক স্বার্থের বেশকিছু উচ্চ-পর্যায়ের সমস্যা নিয়ে আলোচনা করার সুযোগ করে দেয়।

4. এই আলোচনার মধ্যে অন্তর্ভূক্ত ছিল কৌশলগত অগ্রাধিকারগুলি, সাইবার হুমকির মূল্যায়ন, আগামী প্রজন্মের দূরযোগাযোগ বা টেলিকমিউনিকেশন( 5জি প্রযুক্তি সহ), ক্ষমতা নির্মাণ (ইন্দো-ডাচ সাইবার সুরক্ষা স্কুল সহ) এবং বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা ও রাষ্ট্রসঙ্ঘে আধুনিকতম সাইবার বিকাশ। ভারত ও নেদারল্যান্ড সংশ্লিষ্ট অংশীদারদের সম্পৃক্ততার সাথে আরও সহযোগিতার সুযোগ অন্বেষণে সম্মত হয়েছে।

5. তৃতীয় ভারত-নেদারল্যান্ড সাইবার আলোচনাটি 2024 সালে অনুষ্ঠিত হবে।

নিউ দিল্লি
ফেব্রুয়ারি 03, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.